# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর রিপোর্ট

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের নিয়ন্ত্রণাধীন স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত "Covid-19 Emergency Response And Pandemic Preparedness Project" এর ২০১৯-২০২০ অর্থবছরের হিসাব সংক্রান্ত
কমপ্লায়েন্স অডিট রিপোর্ট

রিপোর্ট নম্বর: ৩১/২০২১

# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর রিপোর্ট

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের নিয়ন্ত্রণাধীন স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত "Covid-19 Emergency Response And Pandemic Preparedness Project" এর ২০১৯-২০২০ অর্থবছরের হিসাব সংক্রান্ত

কমপ্লায়েন্স অডিট রিপোর্ট

রিপোর্ট নম্বর: ৩১/২০২১

# সূচিপত্র


| ক্রমিক নম্বর | বিবরণ | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| | প্রথম অংশ | |
| ১ | মুখবন্ধ | vii |
| | অধ্যায়-১ | |
| ২ | অডিট বিষয়ক সংক্ষিপ্ত তথ্যাবলী | ৩-৪ |
| ৩ | নির্বাহী সার-সংক্ষেপ | ৫ |
| ৪ | শব্দ সংক্ষেপ | ৭ |
| | অধ্যায়-২ | |
| ৫ | অডিট অনুচ্ছেদসমূহের সার-সংক্ষেপ | ১১ |
| ৬ | অডিট অনুচ্ছেদসমূহের বিস্তারিত বিবরণ | ১৩-২৬ |
| | দ্বিতীয় অংশ | |
| ৭ | পরিশিষ্টসমূহ | ২৭-৫১ |

# প্রথম অংশ

# মুখবন্ধ

১। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১২৮(১) অনুযায়ী বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল প্রজাতন্ত্রের সরকারি হিসাবসমূহ এবং সকল আদালত, সরকারি কর্তৃপক্ষ ও কর্মচারীর হিসাব অডিট করার জন্য ক্ষমতাপ্রাপ্ত।

২। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন স্বাস্থ্য অধিদপ্তর এর **"COVID-19 EMERGENCY RESPONSE AND PANDEMIC PREPAREDNESS PROJECT"** এর ২০১৯-২০২০ অর্থবছরের হিসাব সংক্রান্ত বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তর কর্তৃক নমুনামূলক যাচাইয়ের মাধ্যমে অডিট সম্পাদনপূর্বক এই রিপোর্ট প্রণয়ন করা হয়েছে। সরকারি সম্পদ ও অর্থ ব্যবহারের ক্ষেত্রে চিহ্নিত গুরুতর আর্থিক অনিয়মসমূহের সাথে জড়িতদের জবাবদিহিতার আওতায় আনয়ন করাই এই রিপোর্টের মূল উদ্দেশ্য।

৩। এই অডিট রিপোর্টে অন্তর্ভুক্ত **১২টি** অনুচ্ছেদে বর্ণিত অনিয়মসমূহ অডিটী প্রতিষ্ঠান প্রধানসহ সংশ্লিষ্ট বিভাগ এর প্রধান হিসাবদানকারী অফিসার বরাবর ইস্যু করা হয়েছে এবং তাঁদের জবাব বিবেচনাপূর্বক এই রিপোর্ট চূড়ান্ত করা হয়েছে।

৪। এই অডিট সম্পাদন ও এই রিপোর্ট প্রণয়নে বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল কর্তৃক জারিকৃত Government Auditing Standards of Bangladesh অনুসরণ করা হয়েছে।

৫। জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১৩২ অনুযায়ী এই অডিট রিপোর্ট মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হলো।

তারিখঃ ____________ বঙ্গাব্দ।
২/১১/২০২১ খ্রিষ্টাব্দ।

**(মোহাম্মদ মুসলিম চৌধুরী)**
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল
বাংলাদেশ।

# অধ্যায়-১

# অডিট বিষয়ক সংক্ষিপ্ত তথ্যাবলী

**রিপোর্ট সম্পর্কিত তথ্য :** এই রিপোর্ট স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন স্বাস্থ্য অধিদপ্তর এর "COVID-19 EMERGENCY RESPONSE AND PANDEMIC PREPAREDNESS PROJECT" এর ২০১৯-২০২০ অর্থবছরের ব্যয় এর উপর ইস্যু ভিত্তিক অডিট পরিচালনা করে প্রস্তুত করা হয়েছে। Audit Materiality বিবেচনা করে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের লেনদেন দেখা হয়েছে। উক্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য আইন, বিধি, পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮, জিএফআর, Financing Agreement ইত্যাদি অডিট Criteria হিসেবে বিবেচনা করে উচ্চ ঝুঁকি ক্ষেত্র চিহ্নিত করে নমুনায়নের মাধ্যমে মাঠ পর্যায়ে নিরীক্ষা সমাপনান্তে রিপোর্টটি প্রস্তুত করা হয়েছে।

**অডিটি প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্য:**

| | | | |
|---|---|---|---|
| ১. | প্রকল্পের নাম | : | "COVID-19 EMERGENCY RESPONSE AND PANDEMIC PREPAREDNESS PROJECT" |
| ২. | উন্নয়ন সহযোগী ও ক্রেডিট নং | : | আইডিএ, ক্রেডিট নং-৬৬০৫-বিডি। |
| ৩. | বাস্তবায়নকারী সংস্থা | : | মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর। |
| ৪. | বাস্তবায়নকারী মন্ত্রণালয় | : | স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। |
| ৫. | প্রকল্পের মেয়াদ | : | এপ্রিল '২০২০- জুন '২০২৩ |
| ৬. | অর্থবছর | : | ২০১৯-২০২০ |
| ৭. | প্রকল্প পরিচালকের নাম | : | অধ্যাপক ডাঃ ইকবাল কবির, ১৬ এপ্রিল ২০২০ হতে ২২ জুন ২০২০ খ্রিঃ পর্যন্ত, ডাঃ কাজী শামীম হোসেন, ১৬-০৭-২০২০ খ্রিঃ হতে নিরীক্ষাকালীন পর্যন্ত। |
| ৮. | পিডি অফিসের ঠিকানা | : | "COVID-19 EMERGENCY RESPONSE AND PANDEMIC PREPAREDNESS"<br>বাড়ি -২৮৪, রোড -১৯/সি, মহাখালী ডিওএইচএস, ঢাকা। |
| ৯. | তহবিল বিতরণ পদ্ধতি | : | জিওবি, আরপিএ |
| ১০. | অপারেটিং অ্যাকাউন্ট | : | হিসাব নং-০৪৩০০২৪০০০০২২<br>রূপালী ব্যাংক লিমিটেড, মহাখালী শাখা, ঢাকা। |
| ১১. | বর্তমান বছরের বাজেট | : | মোট = ২৩৬০৭.১২লক্ষ টাকা<br>জিওবি = ১১৯.৫৩ লক্ষ টাকা<br>আরপিএ = ২৩৪৮৭.৫৯ লক্ষ টাকা |
| ১২. | বর্তমান বছরের ব্যয় | : | মোট =৮৫২৭.৪৩ লক্ষ টাকা<br>জিওবি =৩৯.৮৪ লক্ষ টাকা<br>আরপিএ = ৮৪৮৭.৫৯ লক্ষ টাকা |
| ১৩. | অডিটের প্রকৃতি | : | কমপ্লায়েন্স অডিট। |
| ১৪. | অডিটের সময় | : | ১৩/১০/২০২০ খ্রিঃ হতে ০৫/১১/২০২০ খ্রিঃ পর্যন্ত। |

**অডিটের আইনগত ভিত্তি :** গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১২৮(১) অনুযায়ী এই অডিট পরিচালনা করা হয়েছে।

**অডিটের পরিধি :** প্রাথমিক তথ্য সংগ্রহের পর নিরীক্ষার ইস্যু, বাজেট বরাদ্দসহ অন্যান্য তথ্যাদি পর্যালোচনা করে উক্ত প্রকল্পের ২০১৯-২০২০ অর্থবছরে "COVID-19 EMERGENCY RESPONSE AND PANDEMIC PREPAREDNESS PROJECT" এর সমগ্র ক্রয় প্রক্রিয়াকে নিরীক্ষার আওতায় আনা হয়। নিরীক্ষায় পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮, GFR, Delegation of Financial Power সহ অন্যান্য প্রযোজ্য বিধি/বিধান, Financing Agreement, পিআইপি (Project Implementation Plan) এবং World Bank গাইডলাইনকে ক্রাইটেরিয়া হিসেবে বিবেচনা করা হয়েছে।

**অডিট প্লানিং ও অডিট পরিচালনা সংক্রান্ত তথ্য:**

**অডিটের বিষয়বস্তু :**

১. ক্রয়ের পূর্বে চাহিদা নিরূপণ করা হয়েছে কিনা;

২. ক্রয় কার্য ক্রয় আইন/বিধি-বিধান অনুসরণপূর্বক সম্পাদন করা হয়েছে কিনা;

৩. ক্রয় কার্য এপিপি অনুযায়ী করা হয়েছে কিনা;

৪. ক্রয়কৃত মালামালসমূহ সঠিকভাবে বিতরণ হয়েছে কিনা;

৫. মালামালের গুণগতমান নিশ্চিত করে সরবরাহ গ্রহণ করা হয়েছে কিনা।

**অডিট কৌশল :**

নিরীক্ষা কার্যক্রমটি Risk Based Auditing Approach এর আলোকে সম্পন্ন করা হয়। পাশাপাশি Documentary Approach, Analytical Approach এবং বাস্তব যাচাই পদ্ধতি অনুসরণ করা হয়।

**অডিট সময়কাল:** ১৩/১০/২০২০ খ্রিঃ হতে ০৫/১১/২০২০ খ্রিঃ পর্যন্ত।

# নির্বাহী সারসংক্ষেপ

বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তরের নিরীক্ষার আওতাধীন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর স্বাস্থ্য সেবা বিভাগের নিয়ন্ত্রণাধীন স্বাস্থ্য অধিদপ্তর এর "COVID-19 EMERGENCY RESPONSE AND PANDEMIC PREPAREDNESS PROJECT" এর ২০১৯-২০২০ অর্থবছরের বাজেট বরাদ্দের বিপরীতে সম্পাদিত কাজের রেকর্ডপত্র ও নমুনা সংগ্রহের মাধ্যমে পরিকল্পনা প্রণয়নপূর্বক অডিট করা হয়।

নিরীক্ষাকালে বেশ কিছু আর্থিক অনিয়ম ও বিধি-বিধানের লঙ্ঘন পরিলক্ষিত হয়েছে। মূলত প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থায় দুর্বলতা ও আর্থিক বিধি-বিধান পরিপালন না করার কারণে এই অডিট অনুচ্ছেদসমূহ উত্থাপিত হয়েছে। অডিট অনুচ্ছেদগুলোর মধ্য হতে গুরুতর আর্থিক অনিয়ম (SFI) সংক্রান্ত অনুচ্ছেদসমূহ এই রিপোর্টে অন্তর্ভুক্ত করা হয়েছে।

এই রিপোর্টে ১২ টি অডিট অনুচ্ছেদ উত্থাপন করা হয়েছে। রিপোর্টের অন্তর্ভুক্ত উল্লেখযোগ্য অনিয়মসমূহ নিম্নরূপ :

**অনিয়ম ও ক্ষতির কারণসমূহ :**

- ডিপিপিতে নির্ধারিত হারের অতিরিক্ত হারে মেডিকেল সরঞ্জামাদি ক্রয় ।
- পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮-এর ব্যত্যয় ঘটিয়ে বাজার মূল্যের চেয়ে উচ্চ মূল্যে মেডিকেল যন্ত্রপাতি ক্রয়।
- অনভিজ্ঞ ও অযোগ্য সরবরাহকারীর সাথে চুক্তি সম্পাদন।
- আয়কর ও ভ্যাট বাবদ কম কর্তন এবং কর্তন না করা।
- আয়কর ও ভ্যাট হতে কর্তনকৃত টাকা সরকারি কোষাগারে জমা না করা।
- নির্দিষ্ট সময়ে মালামাল সরবরাহ না করলেও বিলম্ব জরিমানা (LD) আদায় না করা।
- অনিয়মিতভাবে সরাসরি ক্রয় প্রক্রিয়া প্রয়োগ।
- ক্রয়কৃত চিকিৎসা সামগ্রীর মান যাচাই না করে নিম্নমানের মালামাল গ্রহণ করা।
- সিএমএসডি এর রিপোর্ট অনুযায়ী ক্রয়কৃত সামগ্রী ব্যবহার অনুপযোগী এবং কম পাওয়া।
- পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ লঙ্ঘন।
- সরবরাহকৃত মালামাল সঠিকভাবে বিতরণ না করা।

নিরীক্ষিত প্রতিষ্ঠানসমূহের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা শক্তিশালীকরণ, সরকারি অর্থ আদায়ে ও ব্যয়ে প্রচলিত বিধি-বিধান পরিপালন, একই ধরনের অনিয়মের পুনরাবৃত্তি না ঘটানোর বিষয়ে কর্তৃপক্ষের মনোনিবেশ করার প্রয়োজনীয়তা এই রিপোর্টে প্রতিফলিত হয়েছে।

# শব্দ সংক্ষেপ

| | | |
|---|---|---|
| ERPP | - | EMERGENCY RESPONSE AND PANDEMIC PREPAREDNESS |
| CMSD | - | Central Medical Stores Depot |
| DPM | - | Direct Procurement Method |
| DCA | - | Development Credit Agreement |
| DG | - | Director General |
| HOPE | - | Head of Procuring Entity |
| ISSAI | - | International Standards of Supreme Audit Institutions |
| MSR | - | Medical & Surgical Requisites |
| NOA | - | Notification of Award |
| LOA | - | Letter of Acceptance |
| OTM | - | Open Tender Method |
| PAD | - | Project Appraisal Document |
| PPR | - | Public Procurement Rules |
| PPA | - | Public Procurement Act |
| RFP | - | Request for Proposal |
| SRO | - | Statutory Regulatory Order |
| TDS | - | Tender Data Sheet |
| TEC | - | Tender Evaluation Committee |
| PEC | - | Proposal Evaluation Committee |

# অধ্যায়-২

# অডিট অনুচ্ছেদসমূহের সারসংক্ষেপ

| অনুচ্ছেদ নম্বর | শিরোনাম | জড়িত টাকা |
|---|---|---|
| ১ | সরবরাহকারী কর্তৃক ব্যবহার অনুপযোগী KN 95 Mask সরবরাহ করায় সরকারের আর্থিক ক্ষতি। | ১,২৪,৮০,০০০.০০ |
| ২ | সরবরাহকারী কর্তৃক KN 95 Mask কম সরবরাহ করায় আর্থিক ক্ষতি । | ১০,৪০,০০০.০০ |
| ৩ | ব্যক্তিগত সুরক্ষা সামগ্রী (পিপিই), KN 95 মাস্ক এবং Infrared Thermometer প্রাপ্তি ও বিতরণে গরমিল। | ৩২,৮৫,১০,৫০০.০০ |
| ৪ | অযোগ্য ও অনভিজ্ঞ সরবরাহকারীর সাথে চুক্তি সম্পাদন করে ব্যক্তিগত সুরক্ষা সামগ্রী (পিপিই), মাস্ক ও হ্যান্ডগ্লাভস ক্রয় । | ৫৯,৪০,০০,০০০.০০ |
| ৫ | প্রকল্পের আওতায় জরুরী পরিস্থিতিতে ক্রয়কৃত চিকিৎসা সহায়ক সামগ্রী প্রকল্পের উদ্দেশ্য ব্যাহত করে অব্যবহৃত অবস্থায় ফেলে রাখা হয়েছে। | ৪৭,২৬,৪৪,০০০.০০ |
| ৬ | একই প্রকৃতির চিকিৎসা সামগ্রী একই সময়ে ভিন্ন ভিন্ন দরে ক্রয় করায় সরকারের আর্থিক ক্ষতি। | ১৭,১০,০০,০০০.০০ |
| ৭ | সরবরাহকারীর নিকট হতে ভ্যাট এবং আয়কর কম কর্তন ও কর্তন না করায় সরকারের রাজস্ব ক্ষতি। | ১,১৩,৫০,২৫৭.০০ |
| ৮ | কর্তনকৃত ভ্যাট ও আয়কর এর অর্থ নির্ধারিত সময়ে সরকারি কোষাগারে জমা না করায় দণ্ড সুদসহ সরকারের রাজস্ব ক্ষতি। | ৫,৯২,৬৪,০৪৪ .০০ |
| ৯ | পিপিআর-২০০৮ এর বিধি লঙ্ঘন করে কার্য সম্পাদন জামানত ব্যতিরেকে চুক্তি সম্পাদন। | ১০,৮২,০৬,০০০.০০ |
| ১০ | Single Source Selection পদ্ধতিতে পরামর্শক ফার্ম এর মাধ্যমে মোবাইল অ্যাপ/টিভিফ্লিফ/সফটওয়্যার ডেভেলপমেন্টের কাজে অনিয়মিতভাবে ব্যয়। | ৬,১৮,৪২,৪৮০.০০ |
| ১১ | সরবরাহকারী কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হওয়ায় চুক্তির শর্ত মোতাবেক বিলম্ব জরিমানা (Liquidated Damage) আরোপ ব্যতীত বিল পরিশোধ করায় ক্ষতি। | ৪,১৯,৬৯,৯২৮.০০ |
| ১২ | ডিপিপিতে উল্লিখিত দর অপেক্ষা অধিকমূল্যে চিকিৎসা সামগ্রী ক্রয় করায় সরকারের আর্থিক ক্ষতি। | ৭,৭০,০০,০০০.০০ |
| | সর্বমোট= | ১৯৩,৯৩,০৭,২০৯.০০ |

**কথায়: একশত তিরানব্বই কোটি তিরানব্বই লক্ষ সাত হাজার দুইশত নয় টাকা।**

# অডিট অনুচ্ছেদসমূহের বিস্তারিত বিবরণ

অনুচ্ছেদ নম্বর: ০১

**শিরোনামঃ সরবরাহকারী কর্তৃক ব্যবহার অনুপযোগী KN 95 Mask সরবরাহ করায় সরকারের ১,২৪,৮০,০০০.০০ (এক কোটি চব্বিশ লক্ষ আশি হাজার) টাকা আর্থিক ক্ষতি।**

বিবরণ :

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন, স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত আইডিএ সাহায্যপ্রাপ্ত 'COVID-19 EMERGENCY RESPONSE AND PANDEMIC PREPAREDNESS' শীর্ষক প্রকল্পের ২০১৯-২০২০ অর্থবছরের হিসাবের উপর নিরীক্ষা কার্য সম্পাদন করা হয়। নিরীক্ষাকালে দেখা যায় যে, সরবরাহকারী কর্তৃক ব্যবহার অনুপযোগী ২৪,০০০ পিস KN 95 Mask সরবরাহ করায় সরকারের আর্থিক ক্ষতি হয়েছে ১,২৪,৮০,০০০.০০ টাকা।

বিস্তারিত নিরীক্ষায় প্যাকেজ নং- GD-1 এর দরদাতা কর্তৃক দাখিলকৃত দরপত্র সিডিউল, কার্যাদেশ, চুক্তিপত্র, ডেলিভারী চালান ও মালামাল গ্রহণ সম্পর্কিত অন্যান্য আনুষাঙ্গিক ডকুমেন্ট পর্যালোচনায় দেখা যায়, প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক উক্ত প্যাকেজ এর অধীনে ব্যক্তিগত সুরক্ষা সামগ্রী (পিপিই), মাস্ক ও হ্যান্ড গ্লাভস সরবরাহের লক্ষ্যে মেসার্স জাদিদ অটোমোবাইলস জেএআই এর সাথে ১৯/০৫/২০২০ খ্রিঃ তারিখে ৩১,৯০,০০,০০০.০০ টাকার চুক্তি সম্পাদন করেন, যার Letter of Acceptance নম্বর DGHS/COVID-19/ERPP Project/GD-01/02/2019-20/8(8)।

উক্ত চুক্তির শর্ত মোতাবেক সরবরাহকারী মেসার্স জাদিদ অটোমোবাইলস জেএআই এর নিকট হতে গুণগত মানসম্পন্ন ১,৫০,০০০ পিস KN95 Mask, CMSD কর্তৃক গৃহীত হওয়ার কথা কিন্তু CMSD কর্তৃক মালামাল গ্রহণের প্রত্যয়ন পত্রে/চালানে দেখা যায় যে, ১,৫০,০০০ পিস KN 95 Mask এর মধ্যে ২৪,০০০ পিস মাস্ক ভেজা অবস্থায় গ্রহণ করা হয়েছে। KN 95 Mask, COVID-19-এর ক্ষেত্রে জীবন রক্ষাকারী প্রতিরোধক ব্যবস্থা। এ ধরনের জীবন রক্ষাকারী ভেজা ও ব্যবহার অনুপযোগী মাস্ক সরবরাহ নেয়া জীবনের জন্য ঝুঁকিপূর্ণ। চুক্তিপত্রের ১৯(১) অনুযায়ী সরবরাহকারী কর্তৃক নতুন অব্যবহৃত এবং সাম্প্রতিককালের তৈরীকৃত এবং চুক্তিপত্রের ১৯(২) অনুযায়ী সরবরাহকারী নিশ্চিত করবে যে, সরবরাহকৃত মালামাল ত্রুটিমুক্ত। কিন্তু এক্ষেত্রে চুক্তিপত্রের শর্তাবলী অনুসরণ করা হয়নি। সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত দর অনুযায়ী প্রতি পিস KN 95 Mask এর একক মূল্য ৫২০.০০ টাকা হিসাবে ২৪,০০০ পিস মাস্ক এর মোট মূল্য (২৪০০০X৫২০.০০) = ১,২৪,৮০,০০০.০০ টাকা। অর্থাৎ সরবরাহকারী কর্তৃক ব্যবহার অনুপযোগী KN 95 Mask সরবরাহ করায় সরকারের আর্থিক ক্ষতি ১,২৪,৮০,০০০.০০ টাকা (বিস্তারিত পরিশিষ্ট-১ সংযুক্ত)।

**অনিয়মের কারণ :**

চুক্তির শর্ত ১৯(১) ও ১৯(২) লঙ্ঘন করে সরবরাহকারী কর্তৃক ব্যবহার অনুপযোগী KN 95 Mask সরবরাহ ও প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক গ্রহণ করায় সরকারের আর্থিক ক্ষতি।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব :**

নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবে অবহিত করা হয় যে, সরবরাহকারী কর্তৃক ব্যবহার উপযোগী Mask সরবরাহ করা হয়েছে। সিএমএসডি কর্তৃক গৃহীত মালামাল সার্ভে কমিটির মাধ্যমে যাচাই করে মাঠপর্যায়ে সরবরাহ করা হচ্ছে। ২৪০০০ পিস মাস্ক ভেজা অবস্থায় পাওয়ার তথ্যটি সঠিক নয়। সিএমএসডি কর্তৃক গৃহীত চালান সংযুক্ত। এতে কোন আর্থিক ক্ষতি হয়নি।

**নিরীক্ষা মন্তব্য :**

প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ব্যবহার উপযোগী মাস্ক সরবরাহ করা হয়েছে বলা হলেও সিএমএসডি কর্তৃক গৃহীত চালানে ২৪ হাজার পিস মাস্ক ভেজা অবস্থায় প্রাপ্তির বিষয়টি উল্লেখ আছে।

**নিরীক্ষার সুপারিশ:**

অনিয়মিত ও আর্থিক ক্ষতির জন্য দায়ী ব্যক্তির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ এবং আপত্তিতে উল্লিখিত টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নম্বর: ০২

**শিরোনামঃ সরবরাহকারী কর্তৃক KN 95 Mask কম সরবরাহ করায় আর্থিক ক্ষতি ১০,৪০,০০০.০০ (দশ লক্ষ চল্লিশ হাজার) টাকা।**

**বিবরণ :**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন, স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত আইডিএ সাহায্যপ্রাপ্ত 'COVID-19 EMERGENCY RESPONSE AND PANDEMIC PREPAREDNESS' শীর্ষক প্রকল্পের ২০১৯-২০২০ অর্থবছরের হিসাবের উপর নিরীক্ষা কার্য সম্পাদন করা হয়। নিরীক্ষাকালে দেখা যায় যে, সরবরাহকারী কর্তৃক ২,০০০ পিস KN 95 Mask কম সরবরাহ করায় সরকারের আর্থিক ক্ষতি হয়েছে ১০,৪০,০০০.০০ টাকা।
প্রকল্প কর্তৃপক্ষ প্যাকেজ নং-জিডি-০১ এর অধীনে ব্যক্তিগত সুরক্ষা সামগ্রী (পিপিই), মাস্ক ও হ্যান্ড গ্লাভস সরবরাহের লক্ষ্যে সরবরাহকারী মেসার্স জাদিদ অটো মোবাইলস জেএআই এর সহিত ১৯/০৫/২০২০ খ্রিঃ তারিখে ৩১,৯০,০০,০০০.০০ টাকার চুক্তি সম্পাদন করেন।

উক্ত প্যাকেজের দাখিলকৃত দরপত্র, কার্যাদেশ, চুক্তিপত্র, ডেলিভারী চালান ও মালামাল গ্রহণ সম্পর্কিত অন্যান্য আনুষাঙ্গিক ডকুমেন্টস পর্যালোচনায় দেখা যায় যে, সরবরাহকারী মেসার্স জাদিদ অটো মোবাইলস জেএআই কর্তৃক চুক্তি মোতাবেক অন্যান্য আইটেমের সাথে ১,৫০,০০০ পিস KN 95 Mask সরবরাহ করার কথা ছিল। কিন্তু CMSD কর্তৃক মালামাল গ্রহণের প্রত্যয়নকৃত চালানে দেখা যায় যে, ১,৫০,০০০ পিস KN 95 Mask এর মধ্যে ২,০০০ পিস মাস্ক কম সরবরাহ করা হয়েছে। চুক্তি অনুযায়ী প্রতি পিস KN 95 Mask এর একক মূল্য ৫২০.০০ টাকা হিসেবে ২,০০০ পিস মাস্কের মূল্য (২,০০০×৫২০.০০) = ১০,৪০,০০০.০০ টাকা। অর্থাৎ সরবরাহকারী কর্তৃক ২,০০০ পিস KN 95 Mask কম সরবরাহ করায় সরকারের ১০,৪০,০০০.০০ টাকা আর্থিক ক্ষতি সাধিত হয়েছে (বিস্তারিত পরিশিষ্ট-২ সংযুক্ত)।

**অনিয়মের কারণ :**

চুক্তিপত্রের শর্ত-১৭ লঙ্ঘন করে KN 95 Mask কম গ্রহণ।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব :**

সরবরাহকারী কর্তৃক সঠিক পরিমাণ Mask সরবরাহ করা হয়েছে। বিভিন্ন পত্র-পত্রিকায় ভুল তথ্য পরিবেশন করে সরকারের ভাবমূর্তি নষ্ট করার চেষ্টা করা হয়েছে। সিএমএসডি'র গৃহীত চালান অনুযায়ী তথ্যটি ভুল। এতে কোন আর্থিক ক্ষতি হয়নি।

**নিরীক্ষা মন্তব্য :**

প্রকল্প কর্তৃপক্ষের জবাবে সঠিক পরিমাণ মাস্ক সরবরাহ করা হয়েছে বলা হলেও সিএমএসডি কর্তৃক গৃহীত চালানে ২,০০০ পিস মাস্ক কম সরবরাহের বিষয়টি উল্লেখ আছে।

**নিরীক্ষার সুপারিশ:**

এ অনিয়ম ও আর্থিক ক্ষতির জন্য দায়ী ব্যক্তির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ এবং আপত্তিতে জড়িত অর্থ আদায় করত: সরকারি কোষাগারে জমা প্রদান করা আবশ্যক।

অনুচ্ছেদ নম্বরঃ ০৩

**শিরোনামঃ ৩২,৮৫,১০,৫০০.০০ (বত্রিশ কোটি পঁচাশি লক্ষ দশ হাজার পাঁচশত) টাকা মূল্যের ব্যক্তিগত সুরক্ষা সামগ্রী (পিপিই), KN 95 মাস্ক এবং Infrared Thermometer প্রাপ্তি ও বিতরণে গরমিল ।**

বিবরণঃ

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন, স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত আইডিএ সাহায্যপ্রাপ্ত 'COVID-19 EMERGENCY RESPONSE AND PANDEMIC PREPAREDNESS' শীর্ষক প্রকল্পের ২০১৯-২০২০ অর্থবছরের হিসাবের উপর নিরীক্ষা কার্য সম্পাদন করা হয়। নিরীক্ষাকালে দেখা যায় যে, ৩২,৮৫,১০,৫০০.০০ টাকা মূল্যের পিপিই, KN 95 মাস্ক এবং Infrared Thermometer প্রাপ্তি ও বিতরণে গরমিল রয়েছে।

টেন্ডার ফাইল, চুক্তিপত্র, ইনভয়েস, চালান পত্র, গ্রহণ-বিতরণ রেজিষ্টার ও প্রাপ্তিস্বীকার ফাইল এবং অন্যান্য আনুষাঙ্গিক রেকর্ড পত্র পর্যালোচনায় দেখা যায় যে, উক্ত প্রকল্পের প্যাকেজ নং জিডি-০২, জিডি-০৫ এবং জিডি-০৮ এর ০৩টি প্যাকেজের জন্য পিপিই, KN 95 মাস্ক এবং Infrared Thermometer সরবরাহের লক্ষ্যে যথাক্রমে এসআরএস ডিজাইন এন্ড ফ্যাশন লিঃ এর সাথে ২৭,৫০,০০,০০০.০০ টাকা এবং সিম কর্পোরেশন এর সাথে ৯,২০,৬০,০০০.০০ টাকার দুইটি চুক্তি সম্পাদন করা হয়। ইনভয়েস, ডেলিভারী চালান হতে দেখা যায়, প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক উক্ত ০৩ টি প্যাকেজের বিপরীতে ২টি সরবরাহকারীর নিকট হতে সর্বমোট ২,০০,০০০ পিস পিপিই, ৩,১০,০০০ পিস KN 95 মাস্ক এবং ১,৫৫০ পিস Infrared Thermometer গ্রহণ করা হয়।

বিস্তারিত পর্যালোচনায় দেখা যায় যে, উক্ত পিপিই, KN 95 মাস্ক এবং Infrared Thermometer গুলো বিভিন্ন প্রতিষ্ঠানের বিপরীতে বিতরণ করা হয়। বিতরণের ডকুমেন্টস/প্রমাণক হতে দেখা যায়, সর্বমোট ১৫,১২০ পিস পিপিই, ১৪,৯৩০ পিস KN 95 মাস্ক এবং ৯০০ পিস Infrared Thermometer বিতরণের প্রাপ্তিস্বীকার পত্র পাওয়া যায়। অবশিষ্ট ১,৮৪,৮৮০ পিস পিপিই, ২,৯৫,০৭০ পিস KN 95 মাস্ক এবং ৬৫০ পিস Infrared Thermometer এর কোন প্রাপ্তি স্বীকার পত্র পাওয়া যায়নি। উল্লেখ্য আলোচ্য মালামালগুলো বিভিন্ন প্রাপকের নিকট কুরিয়ারের মাধ্যমে সরবরাহ করা হলেও সংশ্লিষ্ট অফিস কর্তৃক প্রাপ্তিস্বীকার এর কোন প্রমাণক নেই।

জিএফআর বিধি-১৫৬ মোতাবেক মালামাল ইস্যু করার সময় যে ব্যক্তির নিকট সরবরাহের আদেশ দেওয়া হয়েছে তার নিকট অথবা তার প্রতিনিধির নিকট হতে লিখিত প্রাপ্তিস্বীকার গ্রহণ করতে হবে। কিন্তু এক্ষেত্রে উক্ত বিধি অনুসরণ করা হয়নি। পিপিই, KN 95 মাস্ক এবং Infrared Thermometer এর একক মূল্য যথাক্রমে ১,২০০.০০ টাকা, ৩৫০.০০ টাকা এবং ৫,২০০.০০ টাকা হিসেবে সর্বমোট ৩২,৮৫,১০,৫০০.০০ টাকার মালামাল বিতরণ হিসাবে গরমিল পরিলক্ষিত হওয়ায় আর্থিক ক্ষতি হয়েছে। উল্লেখ্য, প্রকল্প কার্যালয় কর্তৃক নিরীক্ষাকালীন (০৫-১১-২০২০ খ্রিঃ) পর্যন্ত মালামালের জন্য কোন ধরনের স্টক রেজিস্টার ও বিতরণ রেজিস্টার সংরক্ষণ করা হয়নি {(বিস্তারিত পরিশিষ্ট-৩(১-৩) সংযুক্ত}।

**অনিয়মের কারণ :**

জিএফআর বিধি-১৫৬ এর লঙ্ঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব :**

সকল মালামাল সঠিকভাবে বিতরণ করা হয়েছে। জরুরী অবস্থা ও মানুষের জীবন রক্ষার তাগিদে খুব দ্রুত সরবরাহ করায় ডেলিভারী চালান ও প্রাপ্তি হিসাবের তারিখ অনুযায়ী নথিতে সংরক্ষণ আগে-পিছে হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের স্টোর ব্যবস্থাপনা USAID কর্তৃক একটি সফটওয়্যার তৈরী করা হয়েছে। মালামাল সঠিকভাবে বিতরণের জন্য সেখানে ইন ও আউট এর আলাদা আলাদা কলাম তৈরী করে মালামাল ইন-আউট এর রেজিস্ট্রেশন সংরক্ষণ করা আছে।

**নিরীক্ষা মন্তব্য :**

বিতরণকৃত সুরক্ষা সামগ্রীর প্রাপ্তিস্বীকার এর প্রমাণক না থাকায় আপত্তিতে উল্লিখিত অর্থের মালামালের গরমিল পাওয়া যায়। উল্লেখ্য, ক্রয়কৃত সুরক্ষা সামগ্রী বিতরণের প্রাপ্তিস্বীকার পত্রের সত্যতা যাচাইয়ের জন্য বিগত ০১-০৪-২০২১ খ্রিঃ তারিখে একটি যাচাইকারী দল প্রকল্প অফিস ও CMSD কার্যালয়ে প্রেরণ করা হয়। যাচাইকারী দল এর প্রতিবেদন হতে দেখা যায় যে, আরও ৪টি সিভিল সার্জন অফিস ও ২টি জেলাসদর হাসপাতালে পিপিই বিতরণের প্রাপ্তিস্বীকারপত্র উপস্থাপন করা হলেও অবশিষ্ট ১,৮৪,৮৮০ পিস পিপিই বিতরণের কোন প্রাপ্তিস্বীকারপত্র যাচাইকারী দল এর নিকট উপস্থাপন করতে পারেনি। এছাড়া ৪টি গেট পাস/ডেলিভারী চালান এর মাধ্যমে ৫৬,৩৩০ পিস পিপিই এবং ৮৪০ পিস Smart Infrared Thermometer সিএমএসডি কর্তৃক গ্রহণ করা হলেও অদ্যাবধি (০১-০৪-২০২১ খ্রিঃ পর্যন্ত) সার্ভে কমিটি কর্তৃক যাচাইপূর্বক চূড়ান্তভাবে গ্রহণ করা হয়নি।

**নিরীক্ষার সুপারিশঃ**

অনিয়মের জন্য দায়ী ব্যক্তির নিকট হতে আপত্তিতে জড়িত অর্থ আদায় করতঃ কোষাগারে জমা প্রদান করা আবশ্যক।

অনুচ্ছেদ নম্বরঃ ০৪

**শিরোনামঃ অযোগ্য ও অনভিজ্ঞ সরবরাহকারীর সাথে ৫৯,৪০,০০,০০০.০০ (উনষাট কোটি চল্লিশ লক্ষ) টাকার চুক্তি সম্পাদন করে ব্যক্তিগত সুরক্ষা সামগ্রী (পিপিই), মাস্ক ও হ্যান্ডগ্লাভস ক্রয় ।**

বিবরণঃ

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন, স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত আইডিএ সাহায্যপ্রাপ্ত 'COVID-19 EMERGENCY RESPONSE AND PANDEMIC PREPAREDNESS' শীর্ষক প্রকল্পের ২০১৯-২০২০ অর্থবছরের হিসাবের উপর নিরীক্ষা কার্য সম্পাদন করা হয়। নিরীক্ষাকালে দেখা যায় যে, ব্যক্তিগত সুরক্ষা সামগ্রী (পিপিই), মাস্ক ও হ্যান্ডগ্লাভস ক্রয়ের লক্ষ্যে পিপিআর-২০০৮ এর বিধি লঙ্ঘন করে অযোগ্য ও অনভিজ্ঞ সরবরাহকারীর সাথে ৫৯,৪০,০০,০০০.০০ টাকার চুক্তি সম্পাদনপূর্বক মালামাল ক্রয় করা হয়েছে।

নিরীক্ষাকালে ডিপিপি, ক্রয় পরিকল্পনা, টেন্ডার ফাইল, চুক্তিপত্র, ইনভয়েস, পেমেন্ট এডভাইস, চালান পত্র এবং অন্যান্য রেকর্ড পত্র পর্যালোচনা করা হয়। এতে দেখা যায় যে, প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক সরাসরি ক্রয় পদ্ধতিতে ব্যক্তিগত সুরক্ষা সামগ্রী (পিপিই), মাস্ক ও হ্যান্ডগ্লাভস ক্রয়ের লক্ষ্যে পিপিআর-২০০৮ এর বিধি-৪৮(২)(ক)(অ) লঙ্ঘন করে অযোগ্য ও অনভিজ্ঞ সরবরাহকারীর সাথে চুক্তি সম্পাদন পূর্বক ৫৯,৪০,০০,০০০.০০ টাকা মূল্যের মালামাল গ্রহণ করা হয়েছে।

পিপিআর-২০০৮ এর বিধি-৪৮(২)(ক)(অ) অনুযায়ী ক্রয় কার্যে অংশ গ্রহণকারী প্রত্যেক ব্যক্তি এই মর্মে প্রামাণিক তথ্য প্রদান করবে যে, প্রস্তাবিত কার্যসম্পাদন, পণ্য সরবরাহ বা সেবা প্রদানের জন্য পেশাগত ও কারিগরি যোগ্যতা ও অভিজ্ঞতা রয়েছে । কিন্তু আলোচ্য চুক্তি সম্পাদনের ক্ষেত্রে পিপিআর-২০০৮ এর উক্ত বিধি প্রতিপালন করা হয়নি।

দরদাতার দাখিলকৃত টেন্ডার সিডিউল হতে দেখা যায় যে, প্যাকেজ নং- জিডি-০১ এর অধীন সরবরাহকারী মেসার্স জাদিদ অটোমোবাইলস জেএআই কর্তৃক পিপিই, এন ৯৫ মাস্ক, কেএন ৯৫ মাস্ক এবং হ্যান্ডগ্লাভস সরবরাহের লক্ষ্যে সর্বমোট ৩১,৯০,০০,০০০.০০ টাকার দর দাখিল করেন। মেসার্স জাদিদ অটোমোবাইলস জেএআই প্রতিষ্ঠানটি একটি গাড়ীর স্পেয়ারপার্টস সরবরাহকারী প্রতিষ্ঠান। উক্ত প্রতিষ্ঠানটির ইত:পূর্বে ব্যক্তিগত সুরক্ষা সামগ্রী, মাস্ক ও হ্যান্ডগ্লাভস সরবরাহের কোন পূর্ব অভিজ্ঞতা ছিল না। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানটি উল্লিখিত সামগ্রী প্রস্তুতকারীর কোন স্থানীয় প্রতিনিধিও নয়। উক্ত প্রতিষ্ঠানটি পিপিই, এন ৯৫ মাস্ক, কেএন ৯৫ মাস্ক এবং হ্যান্ডগ্লাভস সরবরাহের সমর্থনে আর্থিক সক্ষমতা হিসেবে সিডিউল দাখিলের পূর্ব পর্যন্ত ব্যাংক Solvency Certificate দাখিল করেননি। ফলে প্রতিষ্ঠানটি মালামাল সরবরাহের জন্য সুনির্দিষ্ট যোগ্যতা (specific experience) ও কারিগরি অভিজ্ঞতার প্রাথমিক তথ্য উপস্থাপনে ব্যর্থ হয়েছে।

তথাপিও প্রকল্প কর্তৃপক্ষ উক্ত সরবরাহকারী প্রতিষ্ঠানটির যোগ্যতা যাচাই বাছাই না করে এবং অযোগ্য ঘোষণা না করে NOA/কার্যাদেশ প্রদান করেন। ফলশ্রুতিতে ঐ প্রতিষ্ঠানটি নির্ধারিত সময়ে মালামাল সরবরাহে ব্যর্থ হয় এবং নির্ধারিত সময়ের পর যে মাস্ক সরবরাহ করেছে, তার আংশিক ব্যবহার অনুপযোগী এবং পরিমাণে কম।

অনুরূপভাবে দেখা যায় যে, প্রকল্প কর্তৃপক্ষ প্যাকেজ নং-জিডি-০২ এর বিপরীতে ২,০০,০০০ পিস পিপিই এবং প্যাকেজ নং-জিডি-০৫ এর বিপরীতে ১,০০,০০০ পিস মাস্ক সরবরাহের লক্ষ্যে সরাসরি ক্রয় প্রক্রিয়া অনুসরণ করে সরবরাহকারী মেসার্স এসআরএস ডিজাইন এন্ড ফ্যাশন লিঃ কে যথাক্রমে ২৪,০০,০০,০০০.০০ টাকা এবং ৩,৫০,০০,০০০.০০ টাকার কার্যাদেশ প্রদান করেন। জরুরী প্রয়োজনে KN 95 মাস্ক সংগ্রহ করা হলেও উক্ত সরবরাহকারীর ইতঃপূর্বে KN 95 মাস্ক সরবরাহের কোন পূর্ব অভিজ্ঞতা ছিল না। দরপত্র সিডিউল হতে আরো দেখা যায় যে, দরদাতা কর্তৃক দরপত্র দাখিলের সময় অভিজ্ঞতা হিসেবে পিপিই ও মাস্ক সরবরাহের কোন প্রমাণক দাখিল করতে পারেনি বরং শুধুমাত্র ১,৫০,০০০ পিস কম্বল সরবরাহের কার্যাদেশের কপি দাখিল করেছে। ফলে সংশ্লিষ্ট কাজে পূর্ব অভিজ্ঞতা বিহীন অযোগ্য সরবরাহকারীর নিকট হতে ২৭,৫০,০০,০০০.০০ টাকার KN 95 মাস্ক গ্রহণ করা হলেও মালামালের গুণগত মান নিশ্চিত করা যায়নি{বিস্তারিত পরিশিষ্ট-৪(১-২) সংযুক্ত}। ফলে তিনটি প্যাকেজের মাধ্যমে অযোগ্য ও অনভিজ্ঞ সরবরাহকারীর নিকট হতে (৩১,৯০,০০,০০০.০০+২৪,০০,০০,০০০.০০+৩,৫০,০০,০০০.০০)= ৫৯,৪০,০০,০০০.০০ টাকা মূল্যের ব্যক্তিগত সুরক্ষা সামগ্রী সরবরাহ নেয়া হয়েছে।

**অনিয়মের কারণ:**

পিপিআর-২০০৮ এর বিধি-৪৮ এর উপবিধি-২ এর (ক)(অ) এর লঙ্ঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব :**

ক্রয়কালে বিশ্বব্যাপি মানসম্মত পিপিই, মাস্কের ক্রাইসিস চলছিলো। বিভিন্ন ভেন্ডরের সাথে আলোচনার সময় জাদিদের স্বত্বাধিকারী জানান তারা মানসম্মত পিপিই এবং মাস্ক চায়না থেকে আমদানী করছে এবং চাইলে তাদের মাধ্যমে এ সকল দ্রব্যাদি আমদানী করা যেতে পারে। তখন বিশ্ব ব্যাংকের প্রকল্প কর্মকর্তা ড.ইফফাত মাহমুদসহ অন্যান্যদের উপস্থিতিতে বেশ কয়েক জন ভেন্ডরের সঙ্গে বিভিন্ন মালামাল লকডাউনের মধ্যে জরুরি ভিত্তিতে বিশ্ব ব্যাংকের মাধ্যমে সরাসরি ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তীতে সরকারি বিধি মোতাবেক মহাপরিচালক (HOPE) কর্তৃক ৯.৪.২০২০-১৫.৪.২০২০ খ্রিঃ পর্যন্ত নথি অনুমোদন, দরপত্র ও প্রস্তাব মূল্যায়ণ কমিটির সভা এবং নেগোসিয়েশন সভা সম্পন্ন করত: ১৫.৪.২০২০ খ্রিঃ তারিখে অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। ১৯.৫.২০২০ খ্রিঃ তারিখে সূত্র নং: ৪৫.১৬৫.০০৭.০২.০০.০০১. ২০২০-৯৪ এ সচিব ও মন্ত্রী মহোদয় এর অনুমোদন ক্রমে যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে সরাসরি পদ্ধতিতে বিশ্ব ব্যাংকের মাধ্যমে মালামাল ক্রয়ের চুক্তি স্বাক্ষরিত হয়।

প্যাকেজ নং-জিডি-০২ এবং জিডি-০৫ এর ক্ষেত্রে প্রকল্প কর্তৃপক্ষ জানায় যে, জরুরী অবস্থায় দীর্ঘদিনের অভিজ্ঞতা ও মালামাল সরবরাহের Import Registration Certificate (IRC) রয়েছে এমন প্রতিষ্ঠানকেই বিশ্ব ব্যাংকের এনওসি মোতাবেক সরাসরি ক্রয় পদ্ধতি অনুসরণ করেই মালামাল সরবরাহের অনুমতি দেয়া হয়। বিশ্বব্যাংকের এনওসি'র প্রেক্ষিতে এবং মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

**নিরীক্ষা মন্তব্য :**

জিডি-০১ এর ক্ষেত্রে কর্তৃপক্ষের জবাবে মেসার্স জাদিদ অটো মোবাইলস জেএআই কর্তৃক পিপিই, মাস্ক ও হ্যান্ড গ্লাভস আমদানী করছে বলে যে বক্তব্য প্রদান করেছেন, তার স্বপক্ষে সরবরাহকারীর কোন প্রমাণক/তথ্যাদি দাখিলকৃত সিডিউলে উল্লেখ নাই। জিডি-০২ এবং জিডি-০৫ এর ক্ষেত্রে জানানো হয় যে, প্রতিষ্ঠানটি বিজিএমই এর অধিভুক্ত এবং দীর্ঘদিন যাবৎ আন্তর্জাতিকভাবে গার্মেন্টস ব্যবসায় জড়িত বলা হলেও পিপিই এবং মাস্ক সরবরাহের ক্ষেত্রে উক্ত প্রতিষ্ঠানের কোন পূর্ব অভিজ্ঞতা নেই। ফলে অযোগ্য ও অনভিজ্ঞ সরবরাহকারীর সাথে চুক্তি সম্পাদন যথাযথ হয়নি।

**নিরীক্ষার সুপারিশ:**

অযোগ্য এবং পূর্ব অভিজ্ঞতা বিহীন সরবরাহকারীর সাথে চুক্তি সম্পাদনে জড়িত ব্যক্তি/ব্যক্তিবর্গের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

অনুচ্ছেদ নম্বর: ০৫

**শিরোনাম: প্রকল্পের আওতায় জরুরী পরিস্থিতিতে ক্রয়কৃত ৪৭,২৬,৪৪,০০০.০০ (সাতচল্লিশ কোটি ছাব্বিশ লক্ষ চুয়াল্লিশ হাজার) টাকার চিকিৎসা সহায়ক সামগ্রী প্রকল্পের উদ্দেশ্য ব্যাহত করে অব্যবহৃত অবস্থায় ফেলে রাখা হয়েছে।**

**বিবরণ:**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন, স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত আইডিএ সাহায্যপ্রাপ্ত 'COVID-19 EMERGENCY RESPONSE AND PANDEMIC PREPAREDNESS' শীর্ষক প্রকল্পের ২০১৯-২০২০ অর্থবছরের হিসাবের উপর নিরীক্ষা কার্য সম্পাদন করা হয়। নিরীক্ষাকালে দেখা যায় যে, প্রকল্পের আওতায় জরুরী পরিস্থিতিতে ক্রয়কৃত ৪৭,২৬,৪৪,০০০.০০ টাকার চিকিৎসা সহায়ক সামগ্রী প্রকল্পের উদ্দেশ্য ব্যাহত করে অব্যবহৃত অবস্থায় ফেলে রাখা হয়েছে।

প্রকল্প পরিচালক কার্যালয়ের ক্রয় সংক্রান্ত নথি, চুক্তিপত্র, ইনভয়েস, চালানপত্র, বিতরণ ও প্রাপ্তি স্বীকার পত্র এবং অন্যান্য আনুষাঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনা করা হয়। এতে দেখা যায় যে, প্রকল্প কার্যালয় কর্তৃক ২০/০৮/২০২০খ্রিঃ তারিখে স্মারক নং-৩৯ এর মাধ্যমে ৪৭,২৬,৪৪,০০০/- টাকা মূল্যের মাস্ক, পিপিই গ্লাভ্স ও থার্মোমিটার জরুরী ভিত্তিতে সরাসরি ক্রয় প্রক্রিয়ায় ক্রয় করতঃ সামগ্রীসমূহ CMSD (Central Medical Stores Depot) এর সার্ভে কমিটি কর্তৃক সামগ্রীসমূহের পরিমাণ স্পেসিফিকেশন যাচাই করাসহ গ্রহণ, মজুদকরণ ও বিতরণের লক্ষ্যে CMSD কার্যালয়ে প্রেরণ করা হয়েছিল। উক্ত মালামালসমূহ ২২-০৮-২০২০ খ্রিঃ তারিখে সিএমএসডি কর্তৃক গৃহীত হয়। কিন্তু উল্লিখিত মালামালসমূহ নিরীক্ষাকাল (০৫-১১-২০২০খ্রিঃ) পর্যন্ত ৫২ দিন যাবৎ অবিতরণকৃত এবং অব্যবহৃত অবস্থায় CMSD কার্যালয়ে ফেলে রাখা হয়েছে। ফলে কোভিড-১৯ পরিস্থিতিতে ডিপিপিতে উল্লিখিত যে উদ্দেশ্যে এসব চিকিৎসা সহায়ক সামগ্রী ক্রয় করা হয়েছে সে উদ্দেশ্য বাস্তবায়ন হয়নি। অর্থাৎ কোভিড-১৯ পরিস্থিতিতে ডাক্তার, নার্স, স্বাস্থ্যকর্মীদের স্বাস্থ্য সুরক্ষার লক্ষ্যে মালামালগুলো জরুরী ভিত্তিতে ক্রয় করা হয়েছিল সে লক্ষ্য ব্যাহত হয় (বিস্তারিত পরিশিষ্ট-৫ সংযুক্ত)।

**অনিয়মের কারণ:**

COVID-19 পরিস্থিতিতে জরুরী প্রয়োজনে পিপিআর-২০০৮ এর ৭৪ বিধি মোতাবেক প্রতিযোগিতা ব্যতীত সরাসরি ক্রয়কৃত মালামালসমূহ স্বাস্থ্য সেবার সাথে জড়িত ফ্রন্ট লাইনারদের মাঝে দ্রুত বিতরণ না করায় ডিপিপিতে উল্লিখিত প্রকল্পের উদ্দেশ্য ব্যাহত।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব:**

ক) মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সচিব মহোদয়ের ০৫ আগস্ট, ২০২০ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক প্রকল্পের আওতায় সংগৃহীত সহায়ক সামগ্রী বিতরণের জন্য সিএমএসডি-তে প্রেরণ করা হয় এবং তৎকর্তৃক সার্ভেসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করে মালামাল বিতরণের জন্য স্বাস্থ্য অধিদপ্তরের পক্ষে সিএমএসডি নির্দিষ্ট প্রতিষ্ঠান হিসেবে কাজ করে।

খ) তন্মধ্যে কিছু সংখ্যক চিকিৎসা সহায়ক সামগ্রী বিতরণ করা হয়েছে এবং জেলা সদরসহ বাংলাদেশের প্রতিটি হাসপাতালে উক্ত রূপ পণ্যের চাহিদা নিরূপণ সাপেক্ষে সিএমএসডি কর্তৃক সরবরাহ করা হবে। দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য CMSD- কে পত্র দেয়া হয়েছে।

**নিরীক্ষা মন্তব্য:**

সিএমএসডি কর্তৃক ১৪/০৯/২০২০খ্রিঃ তারিখে সহায়ক সামগ্রীগুলো সাময়িকভাবে গৃহীত হলেও সার্ভে বোর্ড কর্তৃক চূড়ান্তভাবে গৃহীত হয়নি। ফলে জরুরী পরিস্থিতিতে ক্রয়কৃত মালামাল নিরীক্ষাকাল (০৫-১১-২০২০খ্রিঃ পর্যন্ত) অর্থাৎ প্রায় ৫২ দিন যাবৎ অব্যবহৃত অবস্থায় ফেলে রাখা হয়েছে। উল্লেখ্য ১২-০১-২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত এক্সিট মিটিং এ অংশগ্রহণকারী প্রকল্প কর্তৃপক্ষের বক্তব্য অনুযায়ী উক্ত তারিখ পর্যন্ত ক্রয়কৃত মালামাল বিতরণ করা হয়নি। অর্থাৎ প্রকল্পের উদ্দেশ্য বাস্তবায়নের জন্য সুরক্ষা সামগ্রী ক্রয় কার্যক্রম দ্রুততার সাথে সম্পন্ন করা হলেও বিতরণের ক্ষেত্রে সেই তৎপরতা পরিলক্ষিত হয়নি।

**নিরীক্ষার সুপারিশ:**

সংগৃহীত সহায়ক সামগ্রী যেসব কারণে অব্যবহৃত অবস্থায় ফেলে রাখা হয়েছে তা নির্ণয় করতঃ দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের বিরুদ্ধে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ এবং অব্যবহৃত অবস্থায় পড়ে থাকা সামগ্রীগুলো দ্রুত বিতরণের ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

অনুচ্ছেদ নম্বর: ০৬

**শিরোনাম: একই প্রকৃতির চিকিৎসা সামগ্রী একই সময়ে ভিন্ন ভিন্ন দরে ক্রয় করায় সরকারের ১৭,১০,০০,০০০.০০ (সতের কোটি দশ লক্ষ) টাকা আর্থিক ক্ষতি।**

বিবরণ:

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন, স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত আইডিএ সাহায্যপ্রাপ্ত 'COVID-19 EMERGENCY RESPONSE AND PANDEMIC PREPAREDNESS' শীর্ষক প্রকল্পের ২০১৯-২০২০ অর্থবছরের হিসাবের উপর নিরীক্ষা কার্য সম্পাদন করা হয়। নিরীক্ষাকালে দেখা যায় যে, একই প্রকৃতির চিকিৎসা সামগ্রী একই সময়ে ভিন্ন ভিন্ন দরে ক্রয় করায় সরকারের ১৭,১০,০০,০০০.০০ (সতের কোটি দশ লক্ষ) টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

টেন্ডার ডকুমেন্টস, মূল্যায়ন প্রতিবেদন, Letter of Acceptence, চুক্তিপত্র, ইনভয়েস, চালান এবং অন্যান্য আনুষাঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, প্রকল্প কর্তৃপক্ষ প্যাকেজ নং-জিডি-০৫ এর অধীন সরাসরি ক্রয় প্রক্রিয়ায় সরবরাহকারী মেসার্স এসআরএস ডিজাইন এন্ড ফ্যাশন লিঃ কে ৩৫০.০০ টাকা একক দর হিসেবে ১,০০,০০০ পিস KN 95 মাস্ক সরবরাহের জন্য ১৭-০৪-২০২০ খ্রি: তারিখে কার্যাদেশ প্রদান করেন।

অনুরূপভাবে জিডি-০৮ এর অধীন একই আইটেম অর্থাৎ KN 95 মাস্ক সরবরাহের লক্ষ্যে সরাসরি ক্রয় প্রক্রিয়ায় মেসার্স সিম কর্পোরেশনকে ১৮-০৪-২০২০ খ্রিঃ তারিখে অর্থাৎ ১ দিন পর ৪০০.০০ টাকা একক দর হিসেবে ২,১০,০০০ পিস মালামাল সরবরাহের কার্যাদেশ প্রদান করেন। ফলে ১দিন পূর্বে কার্যাদেশপ্রাপ্ত প্যাকেজ নং-০৫ এর দরদাতা মেসার্স এসআরএস ডিজাইন এন্ড ফ্যাশন লিঃ এর দর হতে মাস্ক প্রতি ৫০.০০ (৪০০.০০-৩৫০.০০) টাকা বেশি দরে মেসার্স সিম কর্পোরেশনকে প্যাকেজ নং-জিডি-০৮ এর কার্যাদেশ দেওয়ায় মাস্ক সরবরাহে অতিরিক্ত (৫০.০০×২১০০০০) = ১,০৫,০০,০০০.০০ টাকা পরিশোধ করা হয়েছে।

অনুরূপভাবে দেখা যায় যে, প্যাকেজ নং-জিডি-০২ এর অধীন পিপিই সরবরাহের জন্য সরাসরি ক্রয় প্রক্রিয়ায় সরবরাহকারী মেসার্স এসআরএস ডিজাইন এন্ড ফ্যাশন লিঃ-কে ১,২০০.০০ টাকা একক দর হিসেবে ২,০০,০০০ পিস পিপিই সরবরাহের জন্য ১৯-০৫-২০২০ খ্রি: তারিখে কার্যাদেশ প্রদানকরতঃ জিডি-০১ এর অধীন একই আইটেম অর্থাৎ পিপিই সরবরাহের লক্ষ্যে মেসার্স জাদিদ অটোমোবাইলসকে একই দিনে অর্থাৎ ১৯-০৫-২০২০ তারিখে ৩,৯০০.০০ টাকা একক দর হিসাবে ৫০,০০০ পিস পিপিই সরবরাহের কার্যাদেশ প্রদান করেন। ফলে মেসার্স জাদিদ অটোমোবাইলসকে সর্বনিম্ন দর অর্থাৎ প্রতি পিস ১,২০০.০০ টাকার স্থলে ৩,৯০০.০০ টাকায় কার্যাদেশ দেওয়ায় সম্ভাব্য অতিরিক্ত পরিশোধ ১৩,৫০,০০,০০০.০০ [(৩৯০০-১২০০)× ৫০,০০০] টাকা।

উল্লেখ্য মেসার্স জাদিদ অটোমোবাইলস জেএআই কর্তৃক সরবরাহকৃত পিপিই এর প্রকৃত বাজার মূল্য ১,২০০.০০ টাকা। একইভাবে ১,৫০,০০০ পিস KN 95 মাস্ক সরবরাহের জন্য নিম্ন দরদাতা মেসার্স এসআরএস ডিজাইন এন্ড ফ্যাশন লিঃ কে ৩৫০.০০ টাকার পরিবর্তে মেসার্স জাদিদ অটোমোবাইলসকে ৫২০.০০ টাকা হারে কার্যাদেশ দেওয়ায় সম্ভাব্য অতিরিক্ত ২,৫৫,০০,০০০.০০[(৫২০-৩৫০)× ১,৫০,০০০] টাকা পরিশোধিত হবে।

ফলে সর্বমোট সম্ভাব্য অতিরিক্ত পরিশোধ ১৭,১০,০০,০০০.০০ (১,০৫,০০,০০০.০০+১৩,৫০,০০,০০০.০০+ ২,৫৫,০০,০০০.০০) টাকা {(বিস্তারিত পরিশিষ্ট-৬ (১-২) সংযুক্ত} ।

অনিয়মের কারণ:

একই প্রকৃতির চিকিৎসা সামগ্রী একই সময়ে ভিন্ন ভিন্ন দরে কার্যাদেশ প্রদান করায় আর্থিক ক্ষতি। ফলে জিএফআর বিধি-১০ (২) লঙ্ঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব:**

দেশীয় সরবরাহকারী ও বিদেশ থেকে ইমপোর্ট করা মালামালের মধ্যে ভিন্ন ভিন্ন দর থাকায় ভিন্নতা পরিলক্ষিত হয়। তৎকালীন বাজার দর অনুযায়ী বাজার দর যাচাই কমিটির মাধ্যমে যথাযথভাবে মালামাল ক্রয়ের চুক্তি করা হয়েছে। মূলতঃ TEC এর নিকট জিডি-০৫ এর অধীনে এসআরএস সর্বোচ্চ ১ লক্ষ পিস কেএন-৯৫ মাস্ক সরবরাহ করতে পারবে বলে জানায়। তৎকালীন চাহিদা মেটানোর জন্য পরবর্তীতে জিডি-০৮ এর অধীনে আমদানিপূর্বক একটি ভিন্ন প্রতিষ্ঠানকে আরও ২ লক্ষ ১০ হাজার মাস্ক সরবরাহের কার্যাদেশ প্রদান করা হয়। সে কারণেই কেএন-৯৫ মাস্কের দর ৫০.০০ টাকা বেশী হয়। নেগোসিয়েশন সভার মাধ্যমে বিশ্ব ব্যাংকের পরামর্শক্রমে দ্রুত গতিতে উক্ত প্রকল্পের প্যাকেজ নং- জিডি-০১, জিডি-০২, জিডি- ০৫ এবং জিডি-০৮ এর অধীনে মালামাল সংগ্রহের লক্ষ্যে দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (Official Cost Estimate) প্রস্তুত করার নিমিত্তে পিপিআর ২০০৮-এর বিধি ১৬-এর উপ-বিধি ১(ক) অনুসারে ৩ সদস্যের একটি বাজার দর যাচাই কমিটি ০৯/০৪/২০২০ তারিখে গঠন করা হয়। বাজার দর যাচাই কমিটির দাখিলকৃত ১২ এপ্রিলের প্রতিবেদনের ভিত্তিতে ১৩/০৪/২০২০ তারিখে দরপত্র ও প্রস্তাব উন্মুক্তকরণ কমিটির সভা আহবান করা হয়। বিশ্ব ব্যাংকের এনওসি নিয়ে তাদের মাধ্যমে সরাসরি ক্রয় পদ্ধতিতে যাবতীয় অর্থ পরিশোধিত হয়েছে। সুতরাং অতিরিক্ত অর্থ পরিশোধের কোন অবকাশ ছিল না।

প্যাকেজ-জিডি-০২ মোতাবেক দৃশ্যত যে চুক্তি মোতাবেক কারিগরী বিনির্দেশ অনুসারে উক্তরূপ পণ্য বাংলাদেশ হতে উৎপাদনের উল্লেখ রয়েছে তথা স্থানীয় উৎপাদনকে অগ্রাধিকার দেয়া হয়েছে। স্থানীয়ভাবে উৎপাদন করায় পিপিই এর ক্রয় মূল্য জিডি-০১ এর অধীনস্থ আমদানিকৃত মূল্যের চেয়ে কম। অপরদিকে জিডি-১ এর অধীনে চিকিৎসা সহায়ক সামগ্রী পণ্যসমূহ বিদেশ হতে আমদানিপূর্বক সরবরাহের উল্লেখ রয়েছে। এতদসঙ্গে সরবরাহকারী বিদেশ হতে আমদানি সংশ্লিষ্ট যাবতীয় নথি ক্রয়কারী কার্যালয় বরাবর প্রদান করে। এছাড়া পিপিই কভারঅলের বিভিন্ন মান অনুযায়ী লেভেল নির্ধারিত হয়। এসআরএস, লেভেল-১ (জিডি-০২) এবং জাদীদ, লেভেল-৩(জিডি-০১) পিপিই কমপ্লিট সেট আমদানিপূর্বক সরবরাহ করেছে।

**নিরীক্ষা মন্তব্য:**

প্যাকেজ নং-জিডি-০৫ এবং প্যাকেজ জিডি-০৮ এর বিপরীতে সরবরাহকৃত KN 95 মাস্ক একই বাজার দর যাচাই কমিটি কর্তৃক যাচাই করা হয় যা স্থানীয় বাজার থেকে সরবরাহ করা হয়েছে। সরবরাহকারীগণ কর্তৃক মালামাল সরবরাহ করার পূর্ববর্তী সময় পর্যন্ত অর্থাৎ ডেলিভারি চালান দাখিলের পূর্ববর্তী সময় পর্যন্ত কোভিড-১৯ পরিস্থিতি জনিত কারণে আমদানি-রপ্তানী কার্যক্রম বন্ধ ছিল। তাছাড়াও TEC এর নিকট সরবরাহকারী কর্তৃক সর্বোচ্চ ০১ লক্ষ পিস KN 95 মাস্ক এর বেশী সরবরাহ করতে পারবে না এরূপ প্রমাণক দর দাতার প্রস্তাবে উল্লেখ নেই এবং এইরূপ বক্তব্য মূল্যায়ন প্রতিবেদনেও উল্লেখ নেই। ফলে নিম্ন দরদাতার কাছ থেকে নিম্নদরে মালামাল গ্রহণ না করার বিধিগত প্রতিবন্ধকতা ছিল না।

প্যাকেজ নং-জিডি-০১ এবং জিডি-০২ এর অধীন মালামালের বিবরণ DPP অনুযায়ী ভিন্ন ভিন্ন নয়। তাছাড়া জিডি-০২ এর অধীন মালামালসমূহ নিম্নদরে গৃহীত হলেও তার গুণগতমান নিয়ে প্রকল্প কর্তৃপক্ষের প্রশ্ন নেই। ফলে জিডি-০২ এর আওতাধীন মেসার্স এসআরএস ফ্যাশন এন্ড ডিজাইন লিঃ-কে নিম্নদরে কার্যাদেশ প্রদান করা সমীচীন ছিল।

**নিরীক্ষা সুপারিশ:**

প্যাকেজ নং- জিডি-০৮ এর অধীন অতিরিক্ত পরিশোধিত অর্থ দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করে সরকারি কোষাগারে জমা প্রদান করা এবং জিডি-১ এর অধীন মালামালের বিপরীতে অতিরিক্ত হারে পরিশোধ না করার পদক্ষেপ গ্রহণ করা আবশ্যক।

অনুচ্ছেদ নম্বর: ০৭

**শিরোনাম: সরবরাহকারীর নিকট হতে ভ্যাট এবং আয়কর কম কর্তন ও কর্তন না করায় সরকারের ১,১৩,৫০,২৫৭.০০ (এক কোটি তের লক্ষ পঁঞ্চাশ হাজার দুইশত সাতান্ন) টাকা রাজস্ব ক্ষতি।**

**বিবরণ:**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন, স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত আইডিএ সাহায্যপ্রাপ্ত 'COVID-19 EMERGENCY RESPONSE AND PANDEMIC PREPAREDNESS' শীর্ষক প্রকল্পের ২০১৯-২০২০ অর্থবছরের হিসাবের উপর নিরীক্ষা কার্য সম্পাদন করা হয়। নিরীক্ষাকালে দেখা যায় যে, সরবরাহকারীর নিকট হতে ভ্যাট এবং আয়কর কম কর্তন ও কর্তন না করায় সরকারের ১,১৩,৫০,২৫৭.০০ টাকা আর্থিক ক্ষতি হয়েছে।
চুক্তিপত্র, ইনভয়েস, পেমেন্ট এডভাইস এবং অন্যান্য আনুষাঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক চিকিৎসা সামগ্রী সরবরাহকারীর নিকট হতে ভ্যাট ও আয়কর বাবদ ১,১৩,৫০,২৫৭.০০ টাকা কম কর্তন/কর্তন করা হয়নি।

বিস্তারিত নিরীক্ষায় পরিলক্ষিত হয় যে, সরবরাহকারীর দাখিলকৃত মোট দরের মধ্যে ভ্যাট অন্তর্ভুক্ত ছিল। কিন্তু প্রকল্প কর্তৃপক্ষ সরবরাহকারীর বিল হতে ভ্যাট কম কর্তন/কর্তন করেনি। এসআরও নং-১৮৬-আইন/২০১৯/৪৩-মূসক, তারিখ: ১৩-০৬-২০১৯খ্রি: মোতাবেক সরবরাহকারীর বিল হতে ৭.৫% হারে ভ্যাট কর্তন করতে হবে। কিন্তু সরবরাহকারীর বিল হতে ১,০১,৫১,২৫০.০০ টাকার ভ্যাট কর্তন করা হয়নি এবং নির্ধারিত হারের চেয়ে কম হারে কর্তন করায় ২,৮৯,০২৬.০০ টাকা ভ্যাট কম কর্তন করা হয়েছে {পরিশিষ্ট- ৭ (১-২) সংযুক্ত}।

অর্থ আইন, ২০১৭ এর মাধ্যমে পরিবর্তিত আয়কর অধ্যাদেশ ধারা-৫২এএ সাব সেকশন (১) তারিখ: ০১-০৭-২০১৭ খ্রি: মোতাবেক সরবরাহকারীর বিল হতে নির্ধারিত ৫% এর চেয়ে কম হারে আয়কর কর্তন করায় ৯,০৯,৯৮১.০০ টাকা আয়কর কম কর্তন করা হয়েছে। {(বিস্তারিত পরিশিষ্ট-৭ (৩) সংযুক্ত} ।

ফলে ভ্যাট ও আয়কর বাবদ কম কর্তন ও কর্তন না করায় সরকার মোট (১,০১,৫১,২৫০.০০+২,৮৯,০২৬.০০+ ৯,০৯,৯৮১.০০) টাকা = ১,১৩,৫০,২৫৭.০০ টাকা রাজস্ব আয় হতে বঞ্চিত হয়েছে।

**অনিয়মের কারণ:**

এসআরও নং-১৮৬-আইন/২০১৯/৪৩-মূসক, তারিখ:১৩-০৬-২০১৯খ্রি: এবং অর্থ আইন, ২০১৭ এর মাধ্যমে পরিবর্তিত আয়কর অধ্যাদেশ ধারা-৫২এএ সাব সেকশন (১) তারিখ: ০১-০৭-২০১৭ খ্রি: অনুসরণ না করা।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব:**

সরবরাহকারী হতে এনবিআর এর যথাযথ নিয়ম অনুযায়ী ভ্যাট ও আয়কর টাকা সঠিকভাবে কেটে রাখা হয়েছে।

**নিরীক্ষার মন্তব্য:**

জবাবে অডিটি প্রতিষ্ঠান কর্তৃক এনবিআর এর আদেশানুসারে যথাযথভাবে ভ্যাট ও আয়কর কর্তন করা হয়েছে বলা হলেও বিষয়টি সঠিক নয়। এনবিআর এর উপরোল্লিখিত আদেশসমূহ পরিপালন না করায় সরকারের রাজস্ব ক্ষতি হয়েছে।

**নিরীক্ষার সুপারিশ:**

আপত্তিকৃত টাকা আদায় করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণকরত: সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নম্বর: ০৮

**শিরোনাম: কর্তনকৃত ভ্যাট ও আয়কর এর অর্থ নির্ধারিত সময়ে সরকারি কোষাগারে জমা না করায় দন্ড সুদসহ সরকারের রাজস্ব ক্ষতি ৫,৯২,৬৪,০৪৪ (পাঁচ কোটি বিরানব্বই লক্ষ চৌষট্টি হাজার চুয়াল্লিশ) টাকা ।**

**বিবরণ:**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন, স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত আইডিএ সাহায্যপ্রাপ্ত 'COVID-19 EMERGENCY RESPONSE AND PANDEMIC PREPAREDNESS' শীর্ষক প্রকল্পের ২০১৯-২০২০ অর্থবছরের হিসাবের উপর নিরীক্ষা কার্য সম্পাদন করা হয়। নিরীক্ষাকালে দেখা যায় যে, ভ্যাট ও আয়কর এর অর্থ নির্ধারিত সময়ে সরকারি কোষাগারে জমা না করায় দন্ড সুদসহ সরকারের ৫,৯২,৬৪,০৪৪.০০ টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।

ক্যাশবহি, কার্যাদেশ, চুক্তিপত্র, ইনভয়েস, বিল, ভাউচার এবং অন্যান্য আনুষাঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক পরামর্শক প্রতিষ্ঠান মেসার্স Brain Station Ltd. (প্যাকেজ নং-SD-1), মেস্যার্স E-music (প্যাকেজ নং-SD-2ও SD-7) এবং সরবরাহকারী প্রতিষ্ঠান মেসার্স Jadid Automobiles JAI (প্যাকেজ নং-GD-1), মেসার্স SRS Design and Fashion Ltd. (প্যাকেজ নং-GD-2ও GD-5), মেসার্স SIM Corporation (প্যাকেজ নং-GD-8) ও মেসার্স Ocean Enterprise (প্যাকেজ নং-GD-15ও GD-16) এর ইনভয়েস হতে ভ্যাট ও আয়কর বাবদ ৫,২৯,১৪,৩২৫.০০ টাকা কর্তন করা হয়েছে।

কিন্তু ভ্যাট ও আয়কর বাবদ কর্তনকৃত অর্থ নির্ধারিত সময়ে সরকারি কোষাগারে জমা করা হয়নি, যা আয়কর বিধিমালা-১৯৮৪ এর বিধি-১৩ এর ব্যত্যয়। আয়কর বিধিমালা ১৯৮৪ এর বিধি -১৩ অনুযায়ী আদায়কৃত/কর্তনকৃত কর নির্ধারিত সময়সীমার মধ্যে সরকারি কোষাগারে জমা করতে হবে। এসআরও নং- ১৮৭-আইন/২০১৯/৪৪-মূসক তারিখ:- ১৩ জুন, ২০১৯ খ্রি: এর দফা ৭ মোতাবেক নির্দিষ্ট সময়ে কর্তনকৃত ভ্যাট ও আইটি সরকারি কোষাগারে জমা না করলে যান্মাষিক ২% হারে দন্ডসুদসহ সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে। বর্ণিত আইন মোতাবেক কর্তনকৃত ভ্যাট ও আইটির অর্থ নির্ধারিত সময়ে জমা না করায় তার উপর আরোপযোগ্য ২% দন্ডসুদ আরোপ না করায় দন্ডসুদ বাবদ ৬৩,৪৯,৭১৯.০০ টাকা সহ মোট (৫,২৯,১৪,৩২৫+৬৩,৪৯,৭১৯)= ৫,৯২,৬৪,০৪৪ টাকা সরকারের রাজস্ব ক্ষতি হয়েছে {বিস্তারিত পরিশিষ্ট-৮(১-২) সংযুক্ত}।

**অনিয়মের কারণ:**

আয়কর বিধিমালা-১৯৮৪ এর বিধি-১৩ এবং এসআর ও নং- ১৮৭-আইন/২০১৯/৪৪-মূসক তারিখ:- ১৩ জুন, ২০১৯ খ্রি: অনুসরণ না করা।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব:**

জরুরী অবস্থায় ব্যাংক লেনদেন ও দেশে স্বাভাবিক অবস্থা না থাকায় (লক ডাউন) সরবরাহকারী হতে ভ্যাট ও আয়করের টাকা কেটে রাখলেও সরকারি কোষাগারে জমা করা সম্ভব হয়নি। প্রকল্প কার্যালয় থেকে সরকারি কোষাগারে অর্থ জমা দেওয়ার ব্যবস্থা নেয়া হয়েছে।

**নিরীক্ষা মন্তব্য:**

আপত্তির জবাব স্বীকৃতিমূলক। কর্তনকৃত ভ্যাট ও আয়কর এর অর্থ যথাশীঘ্র দন্ডসুদসহ সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

**নিরীক্ষার সুপারিশ:**

কর্তনকৃত ভ্যাট ও আয়কর এর অর্থ যথাশীঘ্র দন্ডসুদসহ সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নম্বর: ৯

**শিরোনাম: পিপিআর-২০০৮ এর বিধি লঙ্ঘন করে ১০,৮২,০৬,০০০.০০ (দশ কোটি বিরাশি লক্ষ ছয় হাজার) টাকার কার্য সম্পাদন জামানত ব্যতিরেকে চুক্তি সম্পাদন।**

**বিবরণ:**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন, স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত আইডিএ সাহায্যপ্রাপ্ত 'COVID-19 EMERGENCY RESPONSE AND PANDEMIC PREPAREDNESS' শীর্ষক প্রকল্পের ২০১৯-২০২০ অর্থবছরের হিসাবের উপর নিরীক্ষা কার্য সম্পাদন করা হয়। নিরীক্ষাকালে দেখা যায় যে, পিপিআর-২০০৮ এর বিধি লঙ্ঘন করে সরবরাহকারীর নিকট হতে কার্য সম্পাদন জামানত বাবদ ১০,৮২,০৬,০০০.০০ টাকা গ্রহণ না করেই চুক্তি সম্পাদন করা হয়েছে।

প্রকল্পের জিডি-০১, জিডি-০২, জিডি-০৫, জিডি-০৮, জিডি-১৫ ও জিডি-১৬ প্যাকেজ বাস্তবায়নের জন্য সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহের সাথে ভিন্ন ভিন্ন সময়ে চুক্তি সম্পাদন করেন। চুক্তিপত্র, দরদাতার দাখিলকৃত দরপত্র সিডিউল, Letter of Acceptance (LOA), কার্যাদেশ, ইনভয়েস এবং অন্যান্য আনুষাঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনা করে দেখা যায় যে, প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক সরবরাহকারীগণের নিকট হতে ১০,৮২,০৬,০০০.০০ টাকার কার্য সম্পাদন জামানত গ্রহণ করা হয়নি।

পিপিআর-২০০৮-এর ৭৫(৫) বিধি মোতাবেক, সরাসরি ক্রয়ের জন্য সরবরাহকারীগণের নিকট হতে কোন দরপত্র জামানতের প্রয়োজন না থাকলেও ১০% হারে কার্য সম্পাদন জামানত গ্রহণ করার বিধান রয়েছে। কিন্তু এক্ষেত্রে তা অনুসরণ না করে সরবরাহকারীর নিকট হতে কার্য সম্পাদন জামানত গ্রহণ না করে সরবরাহকারী প্রতিষ্ঠানকে বিধি বহির্ভূত সুবিধা প্রদান করা হয়েছে। ফলে কার্য সম্পাদন জামানত গ্রহণ না করায় সরবরাহকারী কর্তৃক নির্ধারিত সময়ে কার্য সম্পন্ন করতে ব্যর্থ ও অনিয়ম হলেও ঠিকাদারের বিরুদ্ধে কোনরূপ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের সুযোগ ছিল না (বিস্তারিত পরিশিষ্ট-৯ সংযুক্ত)।

**অনিয়মের কারণ:**

পিপিআর-২০০৮ এর বিধি-৭৫(৫) লঙ্ঘনপূর্বক সরবরাহকারী প্রতিষ্ঠানকে বিধি বহির্ভূত সুবিধা প্রদান।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব:**

যেহেতু এটি একটি Emergency প্রকল্প এবং প্যানডেমিকের সাথে জড়িত তাই বিশ্ব-ব্যাংকের Project Appraisal Document (PAD) এবং ERD কর্তৃক সম্পাদিত Financial Agreement অনুযায়ী ওয়ার্ল্ড ব্যাংক গাইড লাইনে উক্ত চুক্তিতে কার্য সম্পাদন জামানত গ্রহণ করার বিধান শিথিল করা হয়েছে। বিশ্ব ব্যাংক কর্তৃক সরবরাহকৃত আদর্শ দরপত্র প্রস্তাব অনুযায়ী কার্যসম্পাদন জামানতের বিধান নেই। তাছাড়া তৎকালীন লকডাউনে সাধারণ ছুটির আওতায় আর্থিক প্রতিষ্ঠানসমূহ (ব্যাংকসমূহ) সরকারিভাবে বন্ধ ছিল।

**নিরীক্ষা মন্তব্য:**

